

তারিখ: ২৩.০১.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারিখ বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: ঢাকার উদ্দেশ্যে ঠাকুরগাঁও থেকে ছেড়ে আসা হানিফ এন্টারপ্রাইজের একটি চলন্ত বাসে (ঢাকা মেট্রো-৫৬০৯) বাসের ড্রাইভার ও সুপারভাইজার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী যাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণসহ নির্যাতনের শিকার ছাত্রীর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৩.০১.২০১৭ তারিখ দৈনিক সংবাদ পত্রিকায় “ চলন্ত বাসে বিশ্ববিদ্যালয়ের ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ ” শিরোনামে প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, ঢাকার উদ্দেশ্যে ঠাকুরগাঁও থেকে ছেড়ে আসা চলন্ত হানিফ এন্টারপ্রাইজের একটি বাসে (ঢাকা মেট্রো-৫৬০৯) বাসের ড্রাইভার ও সুপারভাইজার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী যাত্রীকে যৌন হয়রানির ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার ছাত্রী গত ২১.০১.২০১৭ তারিখ রাত ৮টায় হানিফ এন্টারপ্রাইজের একটি বাসে ঢাকার উদ্দেশ্যে রওনা হয়। পথে গাড়ির সুপারভাইজার মাসুদ ও ড্রাইভার রইজ উক্ত ছাত্রীকে শারীরিক ও মানসিক নির্যাতন করে। পরবর্তীতে ঢাকায় গাড়ী পৌঁছালে ড্রাইভার ও সুপারভাইজার প্রাণনাশের হুমকি দিয়ে উক্ত ছাত্রীকে বলপূর্বক একটি সিএনজিতে উঠাতে চাইলে মেয়েটির আত্মীয় স্বজন এসে তাকে উদ্ধার করে।

বাংলাদেশ মহিলা পরিষদ চলন্ত বাসের ড্রাইভার ও সুপারভাইজার কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ছাত্রী যাত্রীকে যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রীর নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উত্ত্যক্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ